

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৬, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পাঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৫ আবাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/১৯ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৬-আইন/২০১২ —স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০, ধারা ১৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। বিধিমালার নাম।—এই বিধিমালা পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইন” অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন);
- (২) “ওয়ার্ড” অর্থ আইনের ধারা ২ এর দফা (১৪) এর সংজ্ঞায়িত ওয়ার্ড;
- (৩) “ওয়ার্ড কমিটি” অর্থ বিধি ৩ এর অধীন গঠিত ওয়ার্ড কমিটি;
- (৪) “ধারা” অর্থ আইনের কোন ধারা;
- (৫) “পৌরসভা” অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত পৌরসভা;
- (৬) “পরিষদ” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩৮) এ সংজ্ঞায়িত পরিষদ।

(৯৬৬৫৫)
মূল্য : টাকা ৮.০০

৩। ওয়ার্ড কমিটি গঠন।—(১) কোন পৌরসভা গঠিত হইবার তিন মাসের মধ্যে পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে, পরিষদের অনুমোদনক্রমে, নিম্নবর্ণিত সদস্য সমষ্টিয়ে ওয়ার্ড কমিটি গঠিত হইবে, যথা :—

- (ক) সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর, যিনি উহার সভাপতিও হইবেন;
- (খ) সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত আসনের ১ (এক) জন কাউন্সিলর, যিনি উহার সহ-সভাপতিও হইবেন;
- (গ) নগর দরিদ্র জনগোষ্ঠীর ৩ (তিনি) জন প্রতিনিধি;
- (ঘ) নাগরিক সমাজের ২ (দুই) জন প্রতিনিধি;
- (ঙ) পেশাজীবী সংগঠনের ২ (দুই) জন প্রতিনিধি;
- (চ) সংশ্লিষ্ট পৌরসভার সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটির মোট সদস্যের মধ্যে ৪০% সদস্য মহিলা হইবেন।

৪। ওয়ার্ড কমিটির সভা।—(১) ওয়ার্ড কমিটি প্রতি তিনমাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করিবে।

(২) ওয়ার্ড কমিটির সভায় সভাপতি উক্ত সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে ওয়ার্ড কমিটির সহ-সভাপতির সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হইবে।

(৩) সভাপতির সহিত পরামর্শক্রমে ওয়ার্ড কমিটির সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণপূর্বক সভা আহ্বান করিবেন।

(৪) উক্ত কমিটির সভা অনুষ্ঠানের ক্ষমপক্ষে সাতদিন পূর্বে যথাযথভাবে নোটিশ প্রদান করিতে হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে নোটিশ প্রদান করিতে হইবে না।

(৫) কমিটির পাঁচ জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে, তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৬) সভা অনুষ্ঠানের জন্য প্রদত্ত নোটিশে সুনির্দিষ্ট আলোচ্যসূচি উল্লেখ থাকিবে এবং উল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী সভা অনুষ্ঠিত হইবে।

(৭) সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অঙ্গগতি পর্যালোচনা করিবে।

(৮) কমিটির সভায় গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হইলে, সভাপতি উহার ব্যাখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করিবে।

৫। ওয়ার্ড কমিটির কার্যপরিধি।—আইনের বিধান সাপেক্ষে, ওয়ার্ড কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা :—

- (১) ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সহিত আলোচনা করা;
- (২) ধারা ১১৫ এর অধীন গঠিত কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
- (৩) জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
- (৪) জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থ-সামাজিক উপায় সংগ্রহ;
- (৫) রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;
- (৬) পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপণ বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা;
- (৭) ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের মধ্যে এক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
- (৮) সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভুক্ত (যেমন ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা, ভর্তুক ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরি করে পৌরসভায় প্রেরণ করা;
- (৯) জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছা শ্রমের ভিত্তিতে সহায়তা করা;
- (১০) মহামারী ও প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;
- (১১) পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানাইয়া ওয়ার্ডের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করিয়া, জনগণের মতামত বাস্তবায়নের জন্য উহা পরিষদে প্রেরণ করা;
- (১২) সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন।

৬। প্রতিবেদন প্রেরণ।—কমিটি প্রতি তিন মাস অন্তর অন্তর ওয়ার্ডের কাজের অগ্রগতি সম্পর্কে পরিষদে প্রতিবেদন দাখিল করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবু আলম মোঃ শহিদ খান
সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd